



জনসংযোগ উপবিভাগ

বাংলা একাডেমি

ঢাকা ১০০০ ফোন : ৫৮৬১১২৪৮ ফ্যাক্স : ৯৬৬১০৮০

ই-মেইল : banglaacademy.pr@gmail.com, bacademy1955@yahoo.com

ওয়েব সাইট : www.banglaacademy.gov.bd

পত্র সংখ্যা :

তারিখ : ২৫.১১.২০১৯

মোবারক হোসেন খানের প্রয়াণে শোকবাণী

বিশিষ্ট সংগীত-সাধক, লেখক-অনুবাদক এবং বাংলা একাডেমির ফেলো মোবারক হোসেন খান গতকাল প্রয়াত হয়েছেন।

মোবারক হোসেন খান নিজে যেমন সংগীত-সাধনার সঙ্গে যুক্ত ছিলেন তেমনি সংগীত বিষয়ক গবেষণা এবং সংগীত সাধকদের জীবনী প্রণয়নে অসাধারণ দক্ষতার পরিচয় দিয়েছেন। সুরসম্রাট ওস্তাদ আলাউদ্দিন খানের ভ্রাতুষ্পুত্র এবং ওস্তাদ আয়াত আলী খানের পুত্র মোবারক হোসেন খান এই দুই সংগীত-মনীষার অপ্রকাশিত পত্রাবলি এবং তাঁদের জীবনের অনালোচিত অধ্যায় পাঠকের সম্মুখে তুলে ধরেছেন। তিনি বিভিন্ন মহাদেশের সাহিত্যকর্ম অনুবাদ এবং এ বিষয়ে মৌলিক প্রবন্ধ-নিবন্ধ রচনা করে আমাদের সাহিত্যকে ঋদ্ধ করেছেন। বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহাপরিচালক এবং নজরুল ইন্সটিটিউট ট্রাস্টি বোর্ডের সভাপতি হিসেবে মোবারক হোসেন খান তাঁর কর্মসামর্থ্যের স্বাক্ষর রেখেছেন। সাহিত্য ও সংস্কৃতি ক্ষেত্রে অবদানের জন্য তিনি বাংলা একাডেমি পুরস্কার, একুশে পদক এবং স্বাধীনতা পুরস্কারে ভূষিত হয়েছেন।

বাংলা একাডেমি মোবারক হোসেন খানের প্রয়াণে গভীর শোক প্রকাশ করছে এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে।

হাবীবুল্লাহ সিরাজী
মহাপরিচালক